



উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
Upazila Governance and Development Project (UGDP)
Local Government Division
Ministry of Local Government, Rural Development & Cooperatives



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০২১- ৭৭০৭

তারিখঃ ১৬/০৬/২০২২ খ্রি:

বিষয়ঃ ২০২০-২১ (৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো এবং সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণের চূড়ান্ত সময়সীমা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প” (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ের ৪৭৫ টি উপজেলা দক্ষতা যাচাইয়ের ভিত্তিতে গত ২০২০-২১ অর্থবছরে প্রকল্পভুক্ত করা হয়। এ সকল উপজেলা হতে অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাব এবং সক্ষমতা উন্নয়ন প্রস্তাব প্রেরণের জন্য অত্র কার্যালয় হতে পত্র প্রেরণ করা হয়েছিল। ১৬/০৬/২০২২ তারিখ পর্যন্ত ৩৩৫টি উপজেলাতে অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে এবং ৪১৬টি উপজেলাতে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। যে সকল উপজেলাসমূহ এখনও অবকাঠামো এবং সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ করেননি বা পিএমইউ এর মতামতের ভিত্তিতে সংশোধিত কাগজপত্রসমূহ প্রেরণ করেননি, সে সকল উপজেলাসমূহের জন্য, আগামী ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে অবকাঠামো উপ-প্রকল্প এবং সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব/ পিএমইউ এর মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশোধিত উপ-প্রকল্প প্রস্তাব জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল। অন্যথায় ঐ সময়ের পর আর কোন উপ-প্রকল্প অনুমোদন দেয়া হবে না।

এখানে উল্লেখ্য যে, অবকাঠামো উপ-প্রকল্পসমূহ অনুমোদনের পর টেন্ডার এবং অন্যান্য কার্যাবলী সম্পাদন করে উপ-প্রকল্প পুরোপুরি বাস্তবায়ন শেষে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে ৫ম রাউন্ডের বিল প্রেরণ না করলে, এর পরে কোন উপজেলায় বিল প্রদান করা হবে না।

বিষয়টি অতীব জরুরী :

চেয়ারম্যান, উপজেলা পরিষদ

..... উপজেলা,জেলা।

উপজেলা নির্বাহী অফিসার

..... উপজেলা,জেলা।

(কার্জী আশরাফ উদ্দীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন- ৫৫১৩০৭২৫

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, (সকল)
০৩. পরিচালক, স্থানীয় সরকার, (সকল)
০৪. জেলা প্রশাসক, (সকল)
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, (সকল)
০৬. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের (ইউডিএফ), উপজেলা, জেলা
০৭. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা